

# যুগান্তর

দৈনিক যুগান্তর, ২০১৭-০৭-০৬, পৃঃ ১৯



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে মেধা বৃত্তি প্রদান

২০১ শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদান করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বুধবার সকালে রাজধানীর আফতাবনগরে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য এইচএন আশিকুর রহমান এমপি। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা, বৃত্তি পাওয়া শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।